অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/2/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ম্যাডিসন স্কয়ার গার্ডেন এবং বারক্লেস সেন্টারে এক্সেলসিয়র পাস পরীক্ষা করার পাইলট প্রোগ্রাম ঘোষণা করেছেন

বারক্লেস সেন্টারে ব্রুকলিন নেটস খেলার সময় পাইলটের প্রাথমিক পর্যায় সফল

এক্সেলসিয়র পাস 2 মার্চ ম্যাডিসন স্কয়ার গার্ডেনে নিউ ইয়র্ক রেন্জার্সের খেলার সময় পুনরায় পরীক্ষা করা হবে

প্রমাণিত হলে, নিরাপদ প্রযুক্তি একজন ব্যক্তির টিকা বা সাম্প্রতিক নেতিবাচক COVID পরীক্ষা নিশ্চিত করবে; থিয়েটার, স্টেডিয়াম এবং অন্যান্য ব্যবসাকে আরও দ্রুত পুনরায় খুলতে সাহায্য করবে যেহেতু আরো নিউ ইয়র্কবাসীদের টিকা দেওয়া হবে

IBM এর সাথে অংশীদারিত্বে তৈরি

এক্সেলসিয়র পাসের স্ক্রিনশট এখানে পাওয়া যাবে

উদ্যোগটি গভর্নরের 2021 সালের স্টেট অফ দ্য স্টেট বক্তৃতায় প্রথম ঘোষণা করা হয়

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ম্যাডিসন স্কয়ার গার্ডেন এবং বারক্লেস সেন্টারের ঘটনার সময় এক্সেলসিয়র পাস পরীক্ষা করার জন্য একটি পাইলট প্রোগ্রাম ঘোষণা করেছেন। গভর্নরের 2021 সালের স্টেট অফ দ্য স্টেট বক্তৃতায় প্রথম ঘোষণা করা হয় এবং IBM-এর সাথে যৌথভাবে বিকশিত, এক্সেলসিয়র পাস একজন ব্যক্তির টিকা বা সাম্প্রতিক নেতিবাচক COVID-19 পরীক্ষা নিশ্চিত করার জন্য একটি গোপনীয় তথ্য স্থানান্তরের মাধ্যমে প্রমাণিত, নিরাপদ প্রযুক্তি ব্যবহার করবে এবং নিউ ইয়র্ক স্টেটের গাইডলাইন অনুসরণ করে থিয়েটার, স্টেডিয়াম এবং অন্যান্য ব্যবসাকে আরও দ্রুত পুনরায় খুলতে সাহায্য করবে। এই নতুন প্রযুক্তি 27 ফেব্রুয়ারি বারক্লেস সেন্টারে ব্রুকলিন নেটসের খেলার সময় পাইলটের প্রাথমিক পর্যায়ে সফলভাবে পরীক্ষা করা হয়। 2 মার্চ ম্যাডিসন স্কয়ার গার্ডেনে নিউ ইয়র্ক রেঞ্জার্সের খেলা চলাকালীন সময়ে এটি দ্বিতীয়বারের মত পরীক্ষা করা হবে।

একটি মোবাইল এয়ারলাইন বোর্ডিং পাসের মত, ব্যক্তিরা হয় তাদের পাস প্রিন্ট আউট করতে পারবেন অথবা এক্সেলসিয়র পাসের "ওয়ালেট অ্যাপ" ব্যবহার করে তাদের স্মার্টফোনে সংরক্ষণ করতে পারবেন। প্রতিটি পাসের একটি নিরাপদ কিউআর কোড থাকবে, যা কারো COVID স্বাস্থ্য অবস্থা নিশ্চিত করতে একটি সঙ্গী অ্যাপ ব্যবহার করে স্ক্যান করবে। পাইলট প্রোগ্রামের ফলাফল অ্যাপ্লিকেশনের মান বৃদ্ধি, বিনিয়োগের উপর রিটার্ন সর্বোচ্চ এবং উন্নয়নের সময় সংরক্ষণ করবে, যা অ্যাপ স্টোরে যাওয়ার অনুমোদনের জন্য অ্যাপল এবং Google এর কাছে জমা দেওয়ার আগে ব্যবহার করা হবে।

"সংক্রমণের হার কমিয়ে রাখা এবং আমাদের অর্থনীতিকে নিরাপদ, স্মার্ট উপায়ে পুনরুজ্জীবিত করার পাশাপাশি যত দ্রুত সম্ভব নিউ ইয়র্কবাসীদের টিকা দেওয়ার জন্য আমরা যথাসাধ্য চেষ্টা করছি," **গভর্নর কুওমো বলেন।** "যখন আমরা আমাদের অর্থনীতির বিভিন্ন খাতে ভাল্ব পুনরায় খুলতে শুরু করি, আমরা নির্দেশিকা জারি করছি যাতে বৃহত্তর সমাবেশে অংশগ্রহণকারী ব্যক্তিরা COVID এর জন্য নেতিবাচক পরীক্ষা করে অথবা এই ভাইরাসের প্রাদুর্ভাব এড়াতে তাদের টিকা দেওয়া হয়। এক্সেলসিয়র পাস একটি নিরাপদ এবং স্ট্রিমলাইন উপায়ে ভেন্যু এবং সাইটে তথ্য পেতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে, যার ফলে আমরা এই ব্যবসাগুলো পুনরায় খোলার বিষয়টি দ্রুত করতে পারবো যা আমাদেরকে একটি নতুন স্বাভাবিক অবস্থায় পৌঁছানোর জন্য এক ধাপ এগিয়ে নিয়ে যাবে।"

যদিও কিছু ব্যবসা ক্ষমতা হ্রাস করে অথবা তাদের কর্মীদের বাড়ি থেকে কাজ করে পরিচালনা করতে সক্ষম হয়েছে, আরো অনেকে, যেমন ভক্তদের উপস্থিতি সম্বলিত পারফর্মিং আর্টস এবং খেলাধুলার ইভেন্ট যেখানে বড়, ঘন সমাবেশ হয়, সেগুলি শুধুমাত্র কঠোর স্বাস্থ্য এবং নিরাপত্তা নির্দেশিকার অধীনে পুনরায় খুলতে সক্ষম হয়েছে। যেহেতু আরো নিউ ইয়র্কবাসীকে টিকা দেওয়া হচ্ছে, এই কার্যক্রমগুলিকে নতুন জনস্বাস্থ্য নির্দেশিকা অনুযায়ী পুনরায় শুরু করার অনুমতি দেওয়া হবে, এবং এই নতুন মোবাইল অ্যাপ এই ভেন্যুগুলো পুনরায় খোলার ব্যবস্থা আরো দ্রুত করতে সাহায্য করতে পারে।

10 ফেব্রুয়ারি গভর্নর কর্তৃক ঘোষিত প্রধান স্টেডিয়াম এবং এরিনা পুনরায় খোলার নির্দেশিকার অংশ হিসেবে, ভেন্যুগুলিকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে অনুষ্ঠানের 72 ঘণ্টার মধ্যে সকল কর্মচারী এবং দর্শকদের একটি নেতিবাচক COVID-19 PCR পরীক্ষা পাওয়া নিশ্চিত করতে হবে। এই পাইলট প্রোগ্রাম চলাকালীন সময়ে, পূর্ব নির্ধারিত অংশগ্রহণকারীদের একটি উপসেট তাদের সাম্প্রতিক নেতিবাচক COVID-19 পরীক্ষা নিশ্চিত করতে পাস ব্যবহার করতে সক্ষম হবে এবং বারক্লেস সেন্টার এবং ম্যাডিসন স্কয়ার গার্ডেনের ইভেন্টে প্রবেশ করতে সক্ষম হবে।

ব্যক্তিকে একটি সঙ্কেতায়িত ডিজিটাল স্মার্টফোন মানিব্যাগ বা মুদ্রিত প্রমাণপত্রাদি ব্যবহার করে তাদের ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য নিয়ন্ত্রণ বজায় রাখার একটি নিরাপদ, যাচাইযোগ্য এবং বিশ্বস্ত উপায় প্রদান করতে শক্তিশালী গোপনীয়তা সুরক্ষা ডিজিটাল স্বাস্থ্য পাস সমাধান জুড়ে ব্যবহৃত হয়েছে। প্রত্যেক অংশগ্রহণকারী নির্ধারণ করতে পারবে যে তারা এটি ব্যবহার করতে চায় কিনা - এবং যদি তাই হয়, তাহলে তারা কোন উদ্দেশ্যে ব্যবহার করতে চায় - সবই তাদের অন্তর্নিহিত ব্যক্তিগত

তথ্য শেয়ার না করে। ব্যবহারকারীর তথ্য সবসময় সম্পূর্ণ গোপনীয় রাখা হয়, এবং অংশগ্রহণ স্বেচ্ছাসেবী। কিউআর কোড ভেন্যুকে শুধুমাত্র একটি পাস বৈধ নাকি অবৈধ তা জানায়।

IBM পাবলিক অ্যান্ড ফেডারেল মার্কেটের জেনারেল ম্যানেজার স্টিভ লাফ্লেচ বলেন, "এই সমাধান নিউ ইয়র্ক এবং অন্যান্য রাজ্যকে, একটি নেতিবাচক COVID-19 পরীক্ষার ফলাফল বা টিকাকরণের প্রমাণ দেখানোর জন্য একটি সহজ, নিরাপদ এবং স্বেচ্ছাসেবী পদ্ধতি প্রদান করতে পারে। উদ্ভাবনশীল প্রযুক্তি ব্যবহার করে COVID-19 এর প্রতি সাড়া দিয়ে অধিবাসী এবং সম্প্রদায়কে সাহায্য করতে নিউ ইয়র্ক রাজ্যকে সমর্থন করতে পেরে IBM গর্বিত।"

MSG স্পোর্টসের নির্বাহী চেয়ারম্যান এবং MSG এন্টারটেইনমেন্টের নির্বাহী চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জেমস ডোলান বলেন, "আমরা এই গুরুত্বপূর্ণ পাইলটের ব্যাপারে রাষ্ট্রের সাথে অংশীদার হতে পেরে আনন্দিত, যা আমরা আশা করি নিউ ইয়র্ক সিটিকে পুনরায় খুলতে আরেক ধাপ এগিয়ে যেতে সাহায্য করবে।"

BSE গ্লোবালের প্রধান নির্বাহী কর্মকর্তা জন অ্যাবামন্ডি বলেন, "আমরা এক্সেলসিয়র পাস বিকাশের জন্য রাষ্ট্রের প্রশংসা করছি, যা নিউ ইয়র্কবাসীদের COVID-19 এর হাত থেকে সুরক্ষিত রাখার পাশাপাশি তাদের দ্রুত ভেন্যুতে ফিরে যেতে সাহায্য করতে পারে। বারক্লেস সেন্টার এবং নেটস এই প্রচেষ্টায় অংশগ্রহণ করতে পেরে গর্বিত।"

এক্সেলসিয়র পাস এবং এর সঙ্গী যাচাই অ্যাপ IBM এর ডিজিটাল হেল্থ পাস সমাধানের উপর নির্মিত এবং পরীক্ষার ফলাফল এবং টিকা রেকর্ডের মত স্বাস্থ্য প্রমাণপত্রাদি যাচাই সক্রিয় করার জন্য ডিজাইন করা হয়েছে। ব্লকচেইন প্রযুক্তি ব্যবহার করে, ব্যক্তিরা তাদের স্মার্টফোনে একটি এনক্রিপ্ট করা ডিজিটাল ওয়ালেটের মাধ্যমে অন্তর্নিহিত ব্যক্তিগত তথ্য শেয়ার করা ছাড়াই স্বেচ্ছায় তাদের স্বাস্থ্য অবস্থা শেয়ার করতে পারবেন। এই প্রযুক্তি নমনীয় এবং স্কেল করার জন্য নির্মিত, অন্যান্য রাজ্যকে যোগ দান করার এবং মহামারী পরবর্তী বাস্তবতায় একটি নিরাপদ, বিশ্বস্ত রূপান্তর লালন-পালনে সাহায্য করার সুযোগ করে দেয়।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন